# সপ্তম প্রকাশে ঈশানের কথা

১ আগষ্ট ২০২০

বাঙালির বর্ণ পরিচিতি!

২৬শে জুলাই, ১৯৫৬ --- সতী দাহ বিরোধী আইন প্রণয়নের প্রায় ২৭ বছর পর বাঙালি তথা ভারতীয় সমাজ ব্যবস্থায় ঘটে আরেক প্রধান সংস্কার। বিধবা বিবাহের আইনি স্বীকৃতি। সংস্কারক বাঙালি জাতির পিতৃতুল্য ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর। এবং, নবদ্বীপের পণ্ডিত সমাজের বিরোধিতায় নিজ কন্যার বাল বৈধব্য ঘোচানোর রাজা রাজবল্লভের প্রচেষ্টা অসফল হওয়ার পর, বিদ্যাসাগরের হাত ধরেই ভারতের প্রথম স্বীকৃত বিধবা বিবাহ এই ১৯৫৬ সনেরই ৭ই ডিসেম্বর, রাজকৃষ্ণ বন্দোপাধ্যায়ের বাড়িতে। আধুনিক বাঙলা ভাষার ভিত 'বর্ণ পরিচয়' -এর স্রষ্টা এই প্রবাদ প্রতিম পুরুষ একাধারে শিক্ষাবিদ, সমাজ সংস্কারক। তিনি নারী স্বাধীনতার প্রাচীন প্রবক্তা। গত ২৯শে জুলাই ছিল এই মনীষীর প্রয়াণ দিবস। গর্বিত বাঙালি হিসেবে এই মহান ব্যক্তিত্বকে স্মরণ করে সীমা ঘোষের একটি লেখা এখানে পুনঃ প্রকাশিত হল। এই মহান শিক্ষাবিদের প্রয়াণ দিবসের প্রাক্কালেই, সুদীর্ঘ তিন দশক পর কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত হল দেশের নতুন শিক্ষানীতি। প্রথম পরিচয়ে অনেক কিছুই বাস্তবমুখী ও সময়ানুবর্তী মনে হলেও, পুরো অধ্যয়নের পরই পুরো শিক্ষানীতিটি পরিস্কার হবে। 'ঈশান কথা'র আগামী প্রকাশনাগুলিতে এর উপর আলোকপাত করার চেষ্টা থাকবে। এই জুলাই মাসেই ১৯৮৬ইং তে করিমগঞ্জ শহরে ঘটে যায় এক মর্মান্তিক ঘটনা। ভাষিক আগ্রাসনের স্বরূপ তুলে ধরা সেই কাল অধ্যায়ের উপর দিলীপ কান্তি লস্করের লেখার ২য় পর্ব প্রকাশিত হল। এই লেখাটিও গুণবত্তা বিচারে পুনঃপ্রকাশিত হচ্ছে। এই সার্বিক দম বন্ধ করা আবহাওয়ায়, কিছু কিছু ঘটনা আমাদেরকে প্রয়োজনীয় 'অম্লজান' জুগিয়ে যায়। বাঙলাভাষী আরও কিছু জনের Detention camp মুক্তি, এরকমই একটি ঘটনা। এটাই এবারের 'silver lining'।

দ্বিজাতিতত্ত্ব আর বাঙালি। এক অমীমাংসিত বিষয়। ধর্মের ভিত্তিতে দেশভাগ,আবার ভাষার ভিত্তিতে দেশ বিভাজন-কোনটাই বাঙালিকে জাতি হিসেবে এক করতে পারেনি। এর সমাধান সূত্র এখনও পাওয়া যায়নি। মেঘালয়ের বর্তমান রাজ্যপাল তথাগত রায়ের একটি বক্তব্য এই বিতর্ক আবার উসকে দিয়েছে।পাঠকের মতামত বিভাগে এর পক্ষে-বিপক্ষে কলম ধরলেন উপত্যকার স্বনামধন্য শিক্ষাবিদ ড.পার্থসারথি চন্দ, হিন্দু ছাত্র সংহতি'র শুভাশিস চৌধুরী এবং যুব প্রজন্মের কল্পার্নব গুপ্ত ও সমীরণ আচার্য।

জীবন শুধুই মেঘলা আকাশ নয়, জীবন মানে আলোর ছটাও -- আর, সর্বোপরি জীবন মানে বন্ধুতা। অর্পিতা কুশারীর হাত ধরে 'ঈশান কথা'র সকল বন্ধুদের জন্য রইল শুভ কামনা। আর, পবিত্র ঈদের সন্ধ্যায় গানে-নাচে কথায় ছোটরা রাঙিয়ে দিল 'রামধনু'র দ্বিতীয় পর্ব।

এই সংখ্যা থেকে ঈশানের বারান্দায় আরেকটি নতুন সংযোজন -- "ঈশানের আর্কাইভ" যেখানে ধরা থাকবে ঈশানের সব পুরনো কথা (অক্ষরে এবং ছবিতে) ... এই সময়ে, সকলের জন্য রইল ঈদের শুভেচ্ছা ...

(C) Ishan Kotha